# ICB ASSET MANAGEMENT COMPANY LIMITED
(A Subsidiary of ICB)

Green City Edge (4th floor) 89, Kakrail, Dhaka-1000, Bangladesh.
E-mail: info@icbamcl.com.bd; Web: www.icbamcl.com.bd
Phone: +88 02 8300412-15, Fax: +88 02 8300416.


## অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

তারিখ: ০৭ শ্রাবণ ১৪২৭
২২ জুলাই ২০২০

## প্রজ্ঞাপন নং-০১/২০২০

সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট অফিসে আগত সেবা গ্রহীতাগণের বাধ্যতামূলকভাবে মাস্ক ব্যবহার সংক্রান্তে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, জনস্বাস্থ্য-১ অধিশাখার ২১ জুলাই ২০২০ তারিখের ৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০-১৯৯ সংখ্যক স্মারকের মাধ্যমে ১২ দফা নির্দেশনা সম্বলিত পরিপত্র সকলের অবগতি ও কঠোরভাবে পরিপালনের জন্য এতদ্‌সঙ্গে প্রজ্ঞাপিত হলো।

০২। উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

(মল্লিক রওশন আলম)
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

**বিতরণ**

০১। চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি এএমসিএল।
০২। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, আইসিবি এএমসিএল।
০৩। অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তাদ্বয়ের সচিবালয়, আইসিবি এএমসিএল।
০৪। উপ-প্রধান নির্বাহী কর্মকর্তাগণের সচিবালয়, আইসিবি এএমসিএল।
০৫। সকল ডিপার্টমেন্ট/ইউনিট, আইসিবি এএমসিএল।
০৬। অফিস কপি।

**অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)**

০১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিবি এএমসিএল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-১ অধিশাখা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.১৭৩.০০১.০০.০০.০০২.২০২০- ১৭৯ তারিখ: ২১.০৭.২০২০ খ্রি.

## পরিপত্র

বিষয়ঃ মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।

সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট অফিসে আগত সেবা গ্রহীতাগণ বাধ্যতামূলকভাবে মাস্ক ব্যবহার করবেন। সংশ্লিষ্ট অফিস কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করবেন।

২। সরকারি ও বেসরকারি হাসপাতালসহ সকল স্বাস্থ্য সেবা কেন্দ্রে আগত সেবা গ্রহীতাগণ আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার করবেন। সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করবেন।

৩। শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ. মন্দির ও গীর্জাসহ সকল ধর্মীয় উপাসনালয়ে মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট পরিচালনা কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।

৪। শপিংমল,বিপনিবিতান ও দোকানের ক্রেতা-বিক্রেতাগণ আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার করবেন। স্থানীয় কর্তৃপক্ষ ও মার্কেট ব্যবস্থাপনা কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।

৫। হাট-বাজারে ক্রেতা-বিক্রেতাগণ মাস্ক ব্যবহার করবেন। মাস্ক পরিধান ব্যতীত ক্রেতা-বিক্রেতাগণ কোন পণ্য ক্রয়-বিক্রয় করবে না। স্থানীয় প্রশাসন, ও হাট- বাজার কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।

৬। গণপরিবহনের (সড়ক, নৌ, রেল ও আকাশপথ) চালক, চালকের সহকারী ও যাত্রীদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। গণপরিবহনে আরোহনের পূর্বে যাত্রীদের মাস্ক ব্যবহার করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও মালিক সমিতি বিষয়টি নিশ্চিত করবেন।

৭। গার্মেন্টস ফ্যাক্টরিসহ সকল শিল্প কারখানায় কর্মরত শ্রমিকদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও মালিকগণ বিষয়টি নিশ্চিত করবেন।

৮। হকার, রিক্সা ও ভ্যানচালকসহ সকল পথচারীর মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। বিষয়টি আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী নিশ্চিত করবেন।

৯। হোটেল ও রেস্টুরেন্টে কর্মরত ব্যক্তি এবং জনসমাবেশ চলাকালীন আবশ্যিকভাবে মাস্ক পরিধান করবেন। বিষয়টি স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট মালিক সমিতি নিশ্চিত করতে হবে।

১০। সকল প্রকার সামাজিক অনুষ্ঠানে আগত ব্যক্তিদের মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন।

১১। বাড়ীতে করোনা উপসর্গসহ কোন রোগি থাকলে পরিবারের সুস্থ সদস্যগণ মাস্ক ব্যবহার করবেন।

১২। এ পরিপত্র বাংলাদেশে বসবাসরত সকলের জন্য প্রযোজ্য।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদক্রমে এ পরিপত্র জারি করা হলো।

২২.০৭.২০২০
(ডাঃ মোঃ শিব্বির আহমেদ ওসমানী)
উপসচিব
ফোনঃ-৯৫১১০৭২
hsdph1@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব (সকল):........................................মন্ত্রণালয়/বিভাগ।
২। সচিব (সকল):........................................ মন্ত্রণালয়/বিভাগ।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৫। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৬। সিষ্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের ও বিতরণের অনুরোধসহ)।